

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৮২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ আমরা পূর্বে যা উল্লেখ করলাম তার বিশুদ্ধতা প্রমাণে সুস্পষ্ট হাদীস

ذِكْرُ الْخَبَرِ الْمُصرِّحِ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ قَبْلُ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا جَرِيرٌ عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللَّهِ _ هُوَ ابْنُ مَسْعُودٍ _ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ مَنْصُورٍ عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللَّهِ _ هُوَ ابْنُ مَسْعُودٍ _ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا كُنْتُمْ ثَلَاثَةً فَلَا يَتَنَاجَى اثْنَانِ دُونَ صَاحِبِهِمَا حَتَّى يختلطوا بالناس فإن ذلك يحزنه.)

الراوي: عَبْد اللَّه بْنُ مَسْعُودٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 582 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৮২. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যখন তোমরা তিনজন থাকবে, তখন অন্যান্য মানুষের সাথে না মিলিত হওয়া পর্যন্ত এক সঙ্গীকে রেখে দুইজনে গোপন আলাপে লিপ্ত হবে না, কেননা এটি তাকে চিন্তায় ফেলে দিবে!"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬২৯০; আদাবুল মুফরাদ: ১১৭১; সহীহ মুসলিম: ২১৮৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫৮১; হুমাইদী: ১০৯; মুসনাদ আহমাদ: ১/৩৭৫; আবু দাউদ: ৪৮৫১; তিরমিযী: ২৮২৫; ইবনু মাজাহ: ৩৭৭৫; দারেমী: ২/২৮২।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সাহীহাহ: ১৪০২)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন